FREE WEEK BASED EXAM

Total Mark : **50** Negative Mark : **0.25 per wrong answer**

Time : **20 minutes**

---

1. কোন ভ্রূণীয় স্তর থেকে স্নায়ুতন্ত্র উৎপত্তি লাভ করে? (Not attempted)

- এক্টোডার্ম
- মেসোডার্ম
- কোরিওন
- এন্ডোডার্ম

➤ ভ্রূণীয় এক্টোডার্ম থেকে মানুষের স্নায়ুতন্ত্র উৎপত্তি লাভ করে।

2. মাল্টিপোলার নিউরন কোথায় পাওয়া যায়? (Not attempted)

- রেটিনা
- স্পাইনাল গ্যাংলিয়া
- স্তন্যপায়ীর মস্তিষ্ক
- কক্লিয়া

➤ইউনিপোলার → মেরুদন্ডী প্রাণির প্রান্তীয় স্নায়ুতন্ত্রে এ নিউরন থাকে।
➤বাইপোলার → রেটিনা, কক্লিয়া ও নাকে।
➤সিউডোইউনিপোলার → স্পাইনাল গ্যাংলিয়া ও করোটিক স্নায়ুর গ্যাংলিয়ায়।
➤মাল্টিপোলার → স্তন্যপায়ীর মস্তিষ্ক ও স্পাইনাল কর্ডে।
➤অ্যাপোলার → সেরেব্রাল হেমিস্ফিয়ারের বহিঃস্তরে এবং চোখের রেটিনার মধ্যবর্তী নিউক্লিয়ার স্তরে।

Download PDF

3. সিন্যাপসের মাধ্যমে স্নায়ুতন্ত্রে উদ্দীপনা পরিবহনের সময় কোষবহিঃস্থ তরল পদার্থ থেকে কোনটি নবের মধ্যে ঢোকে? (Not attempted)

- K+
- Ca++
- Mg++
- H+

➤ সিন্যাপটিক নবের ঝিল্লির ভেদ্যতা বেড়ে গেলে নবের চারপাশের অর্থাৎ কোষবহিঃস্থ তরল পদার্থ থেকে Ca++ নবের মধ্যে ঢোকে।
➤পোস্ট-সিন্যাপটিক ঝিল্লির ভেদ্যতা বেড়ে গেলে Na+ ঝিল্লির ভিতর দিয়ে প্রবেশ করে এবং K+ ঝিল্লির বাইরে চলে আসে।

4. নিচের কোনটি কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ? (Not attempted)

- সুষুম্নাকাণ্ড
- করোটিক স্নায়ু
- সিমপ্যাথেটিক স্নায়ুতন্ত্র
- সুষুম্না স্নায়ু

➤কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ হলো মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড।
➤ প্রান্তীয় স্নায়ুতন্ত্রের অংশ ঐচ্ছিক স্নায়ুতন্ত্র (করোটিক স্নায়ু ও সুষুম্না স্নায়ু) এবং স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র (সিমপ্যাথেটিক স্নায়ুতন্ত্র ও প্যারাসিমপ্যাথেটিক স্নায়ুতন্ত্র)।

5. নিচের কোনটি সংবেদী স্নায়ু নয়? (Not attempted)

- অলফ্যাক্টরি
- অপটিক
- অকুলোমোটর
- অডিটরি

➤সংবেদী স্নায়ু → অলফ্যাক্টরি, অপটিক এবং অডিটরি বা ভেস্টিব্যুলোকক্লিয়ার।
➤অকুলোমোটর হলো চেষ্টীয় স্নায়ু।

6. মস্তিষ্কে কত বিলিয়ন নিউরোগ্লিয়া থাকে? (Not attempted)

- ১
- ১০০
- ১০০০
- ১২০০

মস্তিষ্কে প্রায় ১০০বিলিয়ন (এক লক্ষ কোটি) নিউরন থাকে।

7. নিচের কোনটি অগ্র মস্তিকের অংশ নয়? (Not attempted)

- সেরেবেলাম
- সেরেব্রাম
- থ্যালামাস
- হাইপোথ্যালামাস

➤অগ্র মস্তিক → সেরেব্রাম, থ্যালামাস, হাইপোথ্যালামাস।
➤ পশ্চাৎ মস্তিষ্ক → সেরেবেলাম, পনস, মেডুলা অবলংগাটা।

8. নিউরোহরমোন ক্ষরণ করা মস্তিষ্কের কোন অংশের কাজ? (Not attempted)

- হাইপোথ্যালামাস
- থ্যালামাস
- পনস
- সেরেব্রাম

হাইপোথ্যালামাস থেকে ভ্যাসোপ্রেসিন ও অক্সিটোসিন নামে দুরকম নিউরোহরমোন সরাসরি ক্ষরিত হয় এবং তা পশ্চাৎ পিটুইটারির মধ্যে জমা থাকে।

9. সেরেবেলামের গোলার্ধদুটি কিসের সাহায্যে যুক্ত থাকে? (Not attempted)

- টেকটাম
- ভার্মিস
- কর্পাস ক্যালোসাম
- সেরেব্রাল পেডাঙ্কল

➤ সেরেবেলামের গোলার্ধদুটি ভার্মিস (vermis) নামে একটি ক্ষুদ্র যোজকের সাহায্যে যুক্ত থাকে।
➤ সেরেব্রামের হেমিস্ফিয়ার দুটি কর্পাস ক্যালোসাম নামে চওড়া স্নায়ুগুচ্ছ দিয়ে যুক্ত।
➤টেকটাম, সেরেব্রাল পেডাঙ্কল মধ্য মস্তিষ্কের অংশ।

10. কায়াজমা গঠন করে কোন স্নায়ু? (Not attempted)

- ভেগাস
- অকুলোমোটর
- অপটিক
- ফেসিয়াল

➤অগ্রমস্তিষ্কের অঙ্কীয়দেশ (অপটিক লোবের অঙ্কীয়দেশ) থেকে সৃষ্টি হওয়ার পর ডান ও বাম অপটিক স্নায়ুদুটি পরস্পরকে আড়াআড়িভাবে ছেদ ও অতিক্রম করার মাধ্যমে ইংরেজি "X" আকৃতির অপটিক কায়াজমা গঠন করে। এরপর চোখে প্রবেশ করে রেটিনায় বিস্তৃত হয়।

11. কোন স্নায়ুকে প্যাথেটিক স্নায়ু বলা হয়? (Not attempted)

- ট্রাইজেমিনাল
- ট্রকলিয়ার
- ফেসিয়াল
- ভেস্টিবুলোকক্লিয়ার

ট্রকলিয়ার → প্যাথেটিক স্নায়ু। এটি অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণে কাজ করে।

12. স্বাদগ্রহণে সাহায্য করে কোন স্নায়ু? (Not attempted)

- হাইপোগ্লোসাল
- স্পাইনাল অ্যাক্সেসরি
- গ্লসোফ্যারিঞ্জিয়াল
- ভেগাস

➤গ্লসোফ্যারিঞ্জিয়াল স্নায়ু → স্বাদগ্রহণ, জিহ্বা ও গলবিলের সঞ্চালন।
➤হাইপোগ্লোসাল → জিহ্বার বিচলন।

13. নিচের কোনটি কার্বোহাইড্রেট এর বৈশিষ্ট্য? (Not attempted)

- বেশি চাপ প্রয়োগে অঙ্গারে পরিণত হয়
- অধিকাংশই পানিতে দ্রবণীয়
- আলোক সমাণুতা প্রদর্শন করেনা
- দানাদার, তন্তুময় বা পাউডারজাতীয়

➤কার্বোহাইড্রেট এর বৈশিষ্ট্য-
~বেশি তাপ প্রয়োগে অঙ্গারে পরিণত হয়।
~অধিকাংশই পানিতে অদ্রবণীয় তবে মনোস্যাকারাইড পানিতে দ্রবণীয়।
~আলোক সক্রিয় ও আলোক সমাণুতা প্রদর্শন করে।
~দানাদার (চিনি), তন্তুময় (সেলুলোজ) বা পাউডারজাতীয় পদার্থ।

14. নিচের কোনটি অ্যালডো ট্রায়োজ? (Not attempted)

- গ্লিসার‍্যাল্ডিহাইড
- ডাইহাইড্রোক্সি অ্যাসিটোন
- ইরিথ্রোলোজ
- রাইবোজ

➤গ্লিসার‍্যাল্ডিহাইড হলো একটি অ্যালডোজ শর্করা (অ্যালডো ট্রায়োজ) এবং ডাইহাইড্রোক্সি অ্যাসিটোন হলো একটি কিটোজ শর্করা (কিটো ট্রায়োজ)।
➤ইরিথ্রোলোজ হলো একটি কিটোজ শর্করা (কিটো টেট্রোজ)।
➤রাইবোজ অ্যালডো পেন্টোজ।

15. রাইবোজ ও ডিঅক্সিরাইবোজ -এর মধ্যে মূল পার্থক্য কোনটি? (Not attempted)

- রাইবোজে ৬টি কার্বন থাকে, ডিঅক্সিরাইবোজে ৫টি
- রাইবোজ DNA-এর গাঠনিক উপাদান, ডিঅক্সিরাইবোজ RNA-এর
- রাইবোজের ২ নম্বর কার্বনে –OH গ্রুপ থাকে, ডিঅক্সিরাইবোজে থাকে না
- ডিঅক্সিরাইবোজে অক্সিজেন বেশি থাকে

➤রাইবোজ ও ডিঅক্সিরাইবোজ উভয়ই ৫ কার্বন বিশিষ্ট।
➤রাইবোজ RNA-এর গাঠনিক উপাদান, ডিঅক্সিরাইবোজ DNA-এর গাঠনিক উপাদান।
➤ডিঅক্সিরাইবোজের ২ নম্বর কার্বনে কোনো অক্সিজেন গ্রুপ নেই।

16. গ্লুকোজকে "রিডিউসিং সুগার" বলা হয় কেন? (Not attempted)

- এতে কিটোন গ্রুপ (>C=O) থাকে
- এতে অ্যালডিহাইড গ্রুপ (–CHO) থাকে
- এতে কার্বন সংখ্যা বেশি
- এটি শুধু উদ্ভিদে পাওয়া যায়

গ্লুকোজ একটি অ্যালডোহেক্সোজ শর্করা। এর অণুতে অ্যালডিহাইড গ্রুপ (–CHO) থাকে, যা ফেলিং দ্রবণকে রিডিউস করতে পারে। এই রিডিউস করার ক্ষমতার জন্যই গ্লুকোজকে রিডিউসিং সুগার বলা হয়।

17. উদ্ভিদে পরিবহনযোগ্য শর্করা কোনটি? (Not attempted)

- গ্লুকোজ
- স্টার্চ
- সেলুলোজ
- সুক্রোজ

➤ সবুজ উদ্ভিদের পাতায় প্রস্তুত কার্বোহাইড্রেট সুকরোজ হিসেবে বিভিন্ন অঙ্গে পরিবাহিত হয়। তাই সুক্রোজকে উদ্ভিদের প্রধান পরিবহনযোগ্য শর্করা বা ট্রান্সলোকেটেড শ্যুগার বলা হয়।
➤স্টার্চ ও সেলুলোজ সঞ্চয় ও গাঠনিক কাজে ব্যবহৃত।

18. নিচের কোনটি গাঠনিক পলিস্যাকারাইড? (Not attempted)

- স্টার্চ
- গ্লাইকোজেন
- সেলুলোজ
- গ্লুকোজ

➤গাঠনিক পলিস্যাকারাইড → সেলুলোজ, হেমিসেলুলোজ, পেকটিন ইত্যাদি।
➤ সঞ্চয়ী পলিস্যাকারাইড → স্টার্চ, গ্লাইকোজেন ইত্যাদি
➤গ্লুকোজ হলো মনোস্যাকারাইড।

19. আয়োডিন দ্রবণ যোগ করলে স্টার্চ কী রঙ ধারণ করে? (Not attempted)

- লাল
- বেগুনি
- নীল
- বর্ণহীন

➤আয়োডিন দ্রবণে স্টার্চ নীল বর্ণ ধারণ করে।
➤ সেলুলোজ আয়োডিন দ্রবণে কোনো বর্ণ ধারণ করেনা।
➤ গ্লাইকোজেন আয়োডিন দ্রবণে লালচে বেগুনি বর্ণ ধারণ করে।

20. নিচের কোনটিকে প্রাণিজ স্টার্চ বলে? (Not attempted)

- স্টার্চ
- গ্লাইকোজেন
- সেলুলোজ
- ফ্রুক্টোজ

প্রাণিদেহের যকৃত ও মাংসপেশিতে বেশি করে গ্লাইকোজেন জমা থাকে যা প্রয়োজনে গ্লুকোজে পরিণত হয়ে কার্বন ও শক্তি সরবরাহ করে। এজন্য গ্লাইকোজেনকে প্রাণিজ স্টার্চ বলে।

21. তড়িৎ চৌম্বকীয় আবেশ কে আবিষ্কার করেন? (Not attempted)

- নিউটন
- ফ্যারাডে
- আইনস্টাইন
- ম্যাক্সওয়েল

তড়িৎ চৌম্বকীয় আবেশ (Electromagnetic Induction) আবিষ্কার করেন মাইকেল ফ্যারাডে।

22. তড়িৎ চৌম্বকীয় আবেশের উপর ভিত্তি করে কোনটি আবিষ্কৃত হয়েছে? (Not attempted)

- ট্রান্সফরমার
- রেফ্রিজারেটর
- ট্রানজিস্টর
- অ্যাম্প্লিফায়ার

➤চৌম্বক ক্ষেত্র ও পরিবাহীর মধ্যে আপেক্ষিক গতির জন্য তড়িৎ শক্তি উৎপন্ন হওয়ার ঘটনাকে তড়িৎ চৌম্বকীয় আবেশ বলা হয়। এই আবিষ্কারকে ভিত্তি করে জেনারেটর (Generator), ট্রান্সফরমার (Transformer) ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি আবিষ্কৃত হয়েছে।

23. একটি গতিশীল চুম্বক কিংবা তড়িৎবাহী কুণ্ডলীর প্রভাবে একটি বন্ধ তার কুণ্ডলীতে ক্ষণস্থায়ী তড়িচ্চালক শক্তি তথা তড়িৎ প্রবাহ উৎপন্ন হওয়ার পদ্ধতিকে কী বলে? (Not attempted)

- তড়িৎ বিশ্লেষণ
- তড়িৎ চৌম্বকীয় আবেশ
- ওহমের সূত্র
- ফ্যারাডের সূত্র

➤একটি গতিশীল চুম্বক কিংবা তড়িৎবাহী কুণ্ডলীর প্রভাবে একটি বন্ধ তার কুণ্ডলীতে ক্ষণস্থায়ী তড়িচ্চালক শক্তি তথা তড়িৎ প্রবাহ উৎপন্ন হওয়ার পদ্ধতিকে তড়িৎ চৌম্বকীয় আবেশ বলে।

24. আবিষ্ট তড়িচ্চালক শক্তি বা প্রবাহ সৃষ্টি করতে হলে চুম্বক ও কুণ্ডলীর মধ্যে কী বজায় রাখতে হবে? (Not attempted)

- সরাসরি সংযোগ
- স্থির অবস্থা
- আপেক্ষিক গতি
- উচ্চ তাপমাত্রা

➤বন্ধ কুণ্ডলীতে তড়িৎ প্রবাহ সৃষ্টি করতে হলে চুম্বক কিংবা তড়িৎবাহী কুণ্ডলী এবং বন্ধ কুন্ডলীর মধ্যে একটি আপেক্ষিক গতি বজায় রাখতে হবে। ফলে বন্ধ কুণ্ডলীতে চৌম্বক বলরেখার হ্রাস-বৃদ্ধি ঘটবে এবং তড়িৎ প্রবাহ সৃষ্টি হবে।

25. আবিষ্ট তড়িৎ প্রবাহ উৎপন্ন হয় যে তারের কুণ্ডলীতে, তাকে কী বলে? (Not attempted)

- মুখ্য কুণ্ডলী
- গৌণ কুণ্ডলী
- তড়িৎবাহী কুণ্ডলী
- বদ্ধ কুণ্ডলী

➤ কোনো বদ্ধ বর্তনীতে তড়িৎ-চৌম্বক আবেশে সৃষ্ট ক্ষণস্থায়ী তড়িচ্চালক শক্তিকে আবিষ্ট তড়িচ্চালক শক্তি এবং প্রবাহকে আবিষ্ট তড়িৎ প্রবাহ বলে। তড়িৎবাহী কুণ্ডলীকে মুখ্য কুণ্ডলী (Primary coil) বলে। যে তারের কুণ্ডলীতে আবিষ্ট তড়িৎ প্রবাহ উৎপন্ন হয়, তাকে গৌণ কুণ্ডলী (Secondary coil) বলে।

26. বিদ্যুৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া কে আবিষ্কার করেন? (Not attempted)

- ফ্যারাডে
- ওয়েরস্টেড
- নিউটন
- আইনস্টাইন

➤বিদ্যুৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া আবিষ্কার করেন ওয়েরস্টেড।
➤তড়িৎ চৌম্বকীয় আবেশ আবিষ্কার করেন ফ্যারাডে।

27. চৌম্বক ফ্লাক্স কোন ধরনের রাশি? (Not attempted)

- ভেক্টর
- স্কেলার
- টেনসর
- কোনোটিই নয়

চৌম্বক ফ্লাক্স একটি স্কেলার রাশি।

28. চৌম্বক ফ্লাক্সের একক কী? (Not attempted)

- টেসলা (T)
- ওয়েবার (Wb)
- টেসলা-মিটার² (Tm^2)
- (খ) ও (গ) উভয়ই

➤চৌম্বক ফ্লাক্সের একক টেসলা-মিটার² (Tm^2) বা ওয়েবার (Wb)।

29. যখন কুণ্ডলীর তল চৌম্বক ক্ষেত্রের সমান্তরাল হয়, তখন কুণ্ডলীর সাথে সংশ্লিষ্ট চৌম্বক ফ্লাক্সের মান কত হয়? (Not attempted)

- সর্বোচ্চ
- শূন্য
- মাঝারি
- অসীম

➤যখন কুণ্ডলীর তল চৌম্বক ক্ষেত্রের সমান্তরাল হয়, তখন কুণ্ডলীর মধ্য দিয়ে কোনো চৌম্বক ক্ষেত্ররেখা অতিক্রম করে না, ফলে কুণ্ডলীর সাথে সংশ্লিষ্ট চৌম্বক ফ্লাক্সের মান শূন্য
হয়। এক্ষেত্রে ক্ষেত্ররেখাগুলো কুণ্ডলীর তলের ভেতর দিয়ে না গিয়ে গা ঘেঁষে চলে যায়, ফলে চৌম্বক ফ্লাক্স (Φ=BAcosθ) শূন্য হয়, যেখানে ক্ষেত্র ও কুণ্ডলীর তলের মধ্যবর্তী কোণ 90০ এবং লম্বের সাথে কোণ 0০।
0০

30. স্বকীয় আবেশ গুণাঙ্কের এস.আই. একক কি? (Not attempted)

- হেনরি
- ওয়েবার
- টেসলা
- জুল

➤স্বকীয় আবেশ গুণাঙ্কের এস.আই. একক হেনরি।
➤চৌম্বক ফ্লাক্সের একক ওয়েবার (Wb)।

31. 100 পাকবিশিষ্ট একটি কুন্ডলীতে 4A তড়িৎ প্রবাহ চালালে 0.02 Wb চৌম্বক ফ্লাক্স উৎপন্ন হয়। কুন্ডলীর স্বকীয় আবেশ গুণাঙ্ক কত? (Not attempted)

- 0.5 Henry
- 2 Henry
- 0.5 Tesla
- 2 Weber

➤ $\varphi = Li$
$L = \varphi / i$
$= 2/4$
$= 0.5$ Henry

32. নিচের কোনটি সঠিক নয়? (Not attempted)

- ট্রান্সফরমারের মুখ্য কুন্ডলীতে প্রযুক্ত তড়িচ্চালক বল ও গৌণকুণ্ডলীতে তড়িচ্চালক বলের দশা পার্থক্য হয় 180°
- ট্রান্সফরমার শুধুমাত্র পরিবর্তী ভোল্টেজে কাজ করে
- ইনপুট ও আউটপুট পরিবর্তী ভোল্টেজের কম্পাঙ্ক একই থাকে
- টান্সফরমারের মুখ্য কুণ্ডলী এসি উৎসের পরিবর্তে ডিসি উৎসের সাথে যুক্ত করা হয়

টান্সফরমারের মুখ্য কুণ্ডলী ডিসি উৎসের পরিবর্তে এসি উৎসের সাথে যুক্ত করা হয়।

33. একটি ট্রান্সফরমারের মুখ্য কুন্ডলীর পাক সংখ্যা 50, ভোল্টেজ 200 V। এর গৌণ কুন্ডলীর পাক সংখ্যা 100 হলে ভোল্টেজ কত? (Not attempted)

- 50 V
- 200V
- 400 V
- 800V

➤ $E_p/E_s = N_p/N_s$
$E_s = N_s \times E_p / N_p$
$= (100 \times 200) / 50$
$= 400V$

34. পরিবর্তী প্রবাহের বর্গমূলীয় গড় মান শীর্ষ মানের কত গুণ? (Not attempted)

- 0.57
- 1.57
- 0.707
- 0.637

➤পরিবর্তী প্রবাহের বর্গমূলীয় গড় মান শীর্ষ মানের 0.707 গুণ।
➤পরিবর্তী প্রবাহের শীর্ষ মান গড় মানের 1.57 গুণ।
➤পরিবর্তী প্রবাহের গড় মান শীর্ষ মানের 0.637 গুণ।

35. পর্যাবৃত্ত তড়িচ্চালক বলের একটি পূর্ণচক্রের গড়মান কত? (Not attempted)

- ১
- শূন্য
- ১৮০
- ১০০

পর্যাবৃত্ত তড়িচ্চালক বলের একটি পূর্ণচক্রের গড়মান শূন্য।

36. The word 'Adjective' is a/an– (Not attempted)

- Pronoun
- Noun
- Verb
- Adjective

যেকোনো parts of speech (noun থেকে interjection) এর নামই noun হবে। কারণ, যেকোনো নামই হচ্ছে noun.

37. The committee ___ unable to agree on this question. (Not attempted)

- is
- was
- were
- none of those

Collective noun এর সদস্যদের মধ্যে বিভাজন সৃষ্টি হলে তাদেরকে একত্রে না বুঝিয়ে প্রত্যেককে আলাদাভাবে বা স্বতন্ত্রভাবে বুঝায় এবং এই বিভাজিত সমষ্টিকে Noun of multitude বলে। Noun of multitude এর verb এবং pronoun দুটোই plural হয়ে থাকে।

38. Identify the determiner in the sentence: 'I have no news for you.'

(Not attempted)

- have
- news
- no
- for

➤Specific determiners: The, this, that, these, those, my, your, his, her, its, our, their etc.
➤General determiners: a, an, any, another, other, each, every, either, neither, both, no, all, some, several, enough, such, (a) few, (a) little, many, much, more, most

39. ___ returned the library books in time. (Not attempted)

- Most of boys
- Most of the boys
- The many of the boys
- The most boys

Quantifying determiner (One/another/few/most/many/some/much etc.) + of + referring determiner (the, this, my etc) + plural noun;
e.g. Most of the people I had invited turned up.
I got another of those calls yesterday.

40. Which one of the following words is an example of a distributive pronoun? (Not attempted)

- such
- either
- that
- any

➤Distributive pronoun → each, either, neither etc.
➤Demonstrative pronoun → this, that, so, such, the same, one etc.
➤Indefinite pronoun → any, some, many, all, few, several, none, no one, someone etc.

41. Choose the correct sentence: (Not attempted)

- I , you and he are present.
- You, he and I are present.
- You, he and I am present.
- He, you and I are present.

➤যদি Verb এর পূর্বে বিভিন্ন Number ও Person এর subject and/or দ্বারা যুক্ত হয়, তবে প্রথমে 2nd তারপর 3rd এবং শেষে 1st Person অনুসারে বসে। এ নিয়মটিকে সংক্ষেপে 231 হিসেবে আখ্যায়িত করা হয়। এক্ষেত্রে সবগুলোর Subjective form বসে এবং Verb টি সর্বদাই Plural হয়।
➤দোষ বা অপরাধ স্বীকার করার ক্ষেত্রে প্রথমে 1st, তারপর 2nd এবং শেষে 3rd Person অনুসারে বসে। একে সংক্ষেপে (123) বলা যায়।

42. A verb that acts as noun is called– (Not attempted)

- participle
- gerund
- adverb
- noun

➤Gerund হলো verb+ing এবং noun এর কাজ করে।
➤ Participle adjective and verb হিসেবে কাজ করে।

43. Get the picture___ in your room. (Not attempted)

- fastened
- hanged
- put
- hung

➤Hang (ফাঁসি দেয়া) → Hanged (past) → Hanged (past participle)
➤Hang (বস্তু ঝুলানো) → Hung (past) → Hung (past participle)

44. Don't worry. English grammar is not__ to understand. (Not attempted)

- so difficult
- too difficult
- very difficult
- difficult enough

Subject + verb + too + adjective/adverb + infinitive (to+verb-সঙ্গতিপূর্ণ) + extension.
e.g. Don't worry. English grammar is not too difficult to understand.

45. Hardly had the train stopped____. (Not attempted)

- then we got down
- When we got down
- as we got down
- than we got down

Either-or, Neither-nor, Not only-but also, whether-or, not- but, No sooner-than, Hardly-before/when, Scarcely-when, Both-and ইত্যাদি co-relative গুলো জোড়া আকারে ব্যবহৃত হয়।

46. আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা কোনটি? (Not attempted)

- রাঙামাটি
- নারায়ণগঞ্জ
- সাজেক
- হাজীপুর

➤আয়তনে-
~সবচেয়ে বড় জেলা রাঙামাটি।
~সবচেয়ে ছোট জেলা নারায়ণগঞ্জ।
~সবচেয়ে বড় ইউনিয়ন সাজেক।
~সবচেয়ে ছোট ইউনিয়ন হাজীপুর।

47. বাংলাদেশের সর্ব পশ্চিমের উপজেলা কোনটি? (Not attempted)

- তেতুলিয়া
- টেকনাফ
- শিবগঞ্জ
- চাপাইনবাবগঞ্জ

➤সর্ব উত্তরের উপজেলা তেতুলিয়া।
➤সর্ব দক্ষিণের উপজেলা টেকনাফ।
➤সর্ব পশ্চিমের উপজেলা শিবগঞ্জ।
➤সর্ব পশ্চিমের জেলা চাপাইনবাবগঞ্জ।

48. পাট উৎপাদনে শীর্ষ জেলা কোনটি? (Not attempted)

- রাজশাহী
- ময়মনসিংহ
- গাজীপুর
- ফরিদপুর

➤ ধান উৎপাদনে → শীর্ষ জেলা ময়মনসিংহ, শীর্ষ বিভাগ রাজশাহী।
➤পাট উৎপাদনে শীর্ষ জেলা ফরিদপুর।
➤কাঁঠাল উৎপাদনে শীর্ষ জেলা গাজীপুর।

49. পদ্মা ও যমুনা নদীর মিলনস্থল কোথায়? (Not attempted)

- গোয়ালন্দ
- চাঁদপুর
- হবিগঞ্জ
- শরীয়তপুর

➤পদ্মা ও যমুনা নদীর মিলনস্থল → গোয়ালন্দ।
➤ পদ্মা ও মেঘনা → চাঁদপুর।

50. Bangladesh Institute of Nuclear Agriculture (BINA) কোথায় অবস্থিত?
(Not attempted)

- গাজীপুর
- ঢাকা
- ময়মনসিংহ
- রাজশাহী

➤Bangladesh Institute of Nuclear Agriculture (BINA) ময়মনসিংহ-এ অবস্থিত।
➤ জয়দেবপুর, গাজীপুর → BRRI (Bangladesh Rice Research Institute)
➤ জয়দেবপুর, গাজীপুর → BARI (Bangladesh Agricultural Research Institute)

Your Submission

Elapsed Time : **0 mins 2 secs**

Attended Question : **0**

Right Answer : **0**

Wrong Answer : **0**

Negative Mark : **0**

Total Mark : **0**